

## ক্যাম্পাসে হামলা সংঘর্ষে জড়িত হলেই বহিষ্কার

কঠোর বিদ্বান্ত নিতে যাচ্ছে ঢারি সিভিকিট  
বিষয়বিদ্যালয় রিপোর্টার

ক্যাম্পাসে যে কোন ধরনের বিশৃঙ্খল  
কর্মসূচী বা হামলা-সংঘর্ষে জড়িত থাকার  
প্রমাণ পড়িয়ে গেলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে  
একাডেমিকভাবে বহিষ্কার করার বিদ্বান্ত  
নিচ্ছে কর্তৃপক্ষ। ওজুনার অনুষ্ঠিত  
সিভিকিট সভায় এ সিদ্ধান্ত নেয়া হবে।  
একই সঙ্গে শান্তিপ্রার্থীদের একাডেমিক  
প্রশংসাপত্রে শান্তির বিষয় উল্লেখ থাকবে।  
ক্যাম্পাসে ছাত্র সংগঠনগুলোর সাংগঠনিক  
পারস্পরিক সংঘর্ষ ও ছাত্রদের ওপর হামলার  
ঘটনায় উদ্বিগ্ন হয়ে কর্তৃপক্ষ এমন কঠোর  
সিদ্ধান্ত নিতে যাচ্ছে বলে তিনি অধ্যাপক ড.  
এসএনএ ফায়েরজা জানিয়েছেন। তিনি বলেন,  
কোন শিক্ষার্থী হামলা-সংঘর্ষে জড়িত হলেই  
তাকে বহিষ্কার করা হবে।

জানা যায়, গত তিন দিনে ক্যাম্পাসে  
কয়েকটি সংঘর্ষ ও হামলার ঘটনা ঘটে। এর  
পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ সোমবারে জরুরি  
সিভিকিট সভা আহ্বান করে। ওই সভা  
থেকে গত কয়েক দিনে সাংবাদিক ও  
ছাত্রীদের ওপর হামলার ঘটনায় কিন্দা প্রকাশ  
করা হয়। এছাড়া ক্যাম্পাসের নিরাপত্তা  
বাবস্থা ছোরদার, বহিরাগতদের প্রবেশ  
নিষিদ্ধ এবং যে কোন সংঘর্ষের ঘটনায়  
পুলিশকে সক্রিয় থাকতে নির্দেশ দেয়া  
হয়েছে।